



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জনপ্রশাসন মন্ত্রণালয়
 বিধি অনুবিভাগ
 বিধি-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৯.২২.১৩০

তারিখ: ২২ ডিসেম্বর ১৪২৯

০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: বাংলাদেশ রেলওয়ের নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৮৫ এর আওতায় ১৬৯ জন গেইট কিপার (ইঞ্জি) এবং ৯১ জন পোর্টার পদে নিয়োগ প্রদান করা যাবে কিনা সে বিষয়ে মতামত প্রদান

সূত্র: রেলপথ মন্ত্রণালয়ের ০৭/০৮/২২ তারিখের স্মারক নং-৫৪.০০.০০০০.০০৭.১৮.০১৭.২২.১৬৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে, "বাংলাদেশ রেলওয়ে ক্যাডার বহির্ভূত কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০" -এর বিধি ৮(২) অনুযায়ী বিলুপ্ত বিধিমালা 'বাংলাদেশ রেলওয়ে নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৮৫' -এর অধীন নির্ধারিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিয়োগ যোগ্যতা পরিবর্তনক্রমে নতুন নিয়োগবিধিতে উল্লিখিত যোগাতার সাথে সামঞ্জস্যপূর্ণ করার অবকাশ নেই এবং এরূপ করা হলে আবেদনকারীদের ইতোমধ্যে অর্জিত অধিকারসমূহ ব্যাহত হবে, যা ন্যায় বিচারের পরিপন্থ। যেহেতু 'বাংলাদেশ রেলওয়ে নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৮৫' অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ রেলওয়ে ক্যাডার বহির্ভূত কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০" প্রণয়নের পূর্বে লিখিত ও মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে সেহেতু 'বাংলাদেশ রেলওয়ে নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৮৫' এর তফসিলে বর্ণিত যোগ্যতার ভিত্তিতে পোর্টার ও গেইট কিপার (ইঞ্জি) এর শুন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সমীচীন।

৬-৯-২০২২

শ্রোতৃ: ফরিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd

সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ঢাকা।